



“সবাই মিলে দেব কর  
দেশ হবে স্বনির্ভর”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস বন্ড কমিশনারেট  
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।  
[www.cbc.gov.bd](http://www.cbc.gov.bd)

নথি নং-৫(১৩)৫০/কাস-বন্ড/১৯৯৭/পার্ট-১/২০১৬/ ০২০২৬

তারিখ: ২০/১০/২০২১ খ্রিঃ।

বিষয়: মেসার্স আদনান টেক্সটাইল লিমিটেড, ঠিকানাঃ দেলপাড়া, পাগলা, ফতুল্লা, নারায়ণগঞ্জ এর বন্ড লাইসেন্স সাময়িক স্থগিতাদেশ (Suspend) প্রত্যাহার সহ BIN Unlock করণ প্রসঙ্গে।

সূত্র: ১। সমনথির পত্র নং-৬৬৫২, তারিখ: ১৩/০৬/২০২১ খ্রিঃ।  
২। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বিগত ২৯.০৮.২০২১ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স আদনান টেক্সটাইল লিমিটেড, ঠিকানাঃ দেলপাড়া, পাগলা, ফতুল্লা, নারায়ণগঞ্জ (বন্ড লাইসেন্স নং-৭১৬/এসবিডব্লিউ/২০০০, তারিখ: ১৪/১১/২০০০ খ্রিঃ, মূসক নিবন্ধন নং- ১৯২৭১০০৪৮৫৬, তারিখ: ০৪.০৬.২০১৫ খ্রিঃ, ই-বিন নং-০০১৮৮৮৯৬১-০২০৪, তারিখ: ০৭.০৮.২০১৯ খ্রিঃ) নামীয় প্রতিষ্ঠানটির বার্ষিক নিরীক্ষা ০২/০৪/২০১৮ খ্রিঃ হতে অনিষ্পন্ন থাকায় সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানটির বন্ড লাইসেন্স সাময়িকভাবে স্থগিত (Suspend) সহ প্রতিষ্ঠানের BIN Lock করা হয়।

০৩। প্রতিষ্ঠানটির (০১.০৪.২০১৮ খ্রিঃ হতে ৩১.০৩.২০২১ খ্রিঃ পর্যন্ত) যথাসময়ে বার্ষিক নিরীক্ষা সম্পন্ন না করায় অত্র দপ্তর হতে বিচারাদেশের মাধ্যমে ২০,০০০ (বিশ হাজার) টাকা অর্থদণ্ড আরোপ করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আরোপিত অর্থদণ্ডের টাকা সমুদয় ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে পরিশোধ করে মূল ট্রেজারী চালান দাখিল করেন। দাখিলকৃত ট্রেজারী চালান অনলাইন ভেরিফিকেশনের মাধ্যমে যাচাইয়ে সঠিক পাওয়া যায়। প্রতিষ্ঠানটি সূত্রোক্ত-২ নং পত্রের মাধ্যমে বন্ড লাইসেন্স সাময়িক স্থগিতাদেশ (Suspend) প্রত্যাহার সহ BIN Unlock করার জন্য আবেদন করেন।

০৪। প্রতিষ্ঠানটির বার্ষিক নিরীক্ষা হাল-নাগাদ অর্থাৎ ৩১.০৩.২০২১ খ্রিঃ পর্যন্ত সম্পন্ন হয়েছে। তাছাড়া, এ দপ্তরের কম্পিউটার ডাটাবেইজ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রতিষ্ঠানটির নিকট কোন দাবীনামা বা সরকারী পাওনা নাই এবং কোন রীট মামলা না থাকায় বন্ড লাইসেন্স নং-৭১৬/এসবিডব্লিউ/২০০০, তারিখ: ১৪/১১/২০০০ খ্রিঃ এর স্থগিতাদেশ (Suspend) প্রত্যাহার করা হলো এবং BIN Unlock করার আদেশ প্রদান করা হলো।

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক  
মেসার্স আদনান টেক্সটাইল লিমিটেড  
ঠিকানাঃ দেলপাড়া, পাগলা, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

[ কাজী মোস্তাফিজুর রহমান ]  
কমিশনার

ফোন-০২২২২২২৭০০০, ফ্যাক্স-০২২২২২২১০৭৬

Email : [bondcomdhk@gmail.com](mailto:bondcomdhk@gmail.com)

নথি নং-৫(১৩)৫০/কাস-বন্ড/১৯৯৭/পার্ট-১/২০১৬/ ০২০২৬ (২২৭)  
অনুলিপি অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

তারিখ: ২০/১০/২০২১ খ্রিঃ।

- ১। সভাপতি, বিপিজিএমইএ, ৩০, হায়দার বক্স লেন (উর্দু রোড), লালবাগ, ঢাকা।
- ২-৮। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/আইসিডি, কমলাপুর, ঢাকা/বন্ড কমিশনারেট, চট্টগ্রাম/পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা।
- ৯। মহা-পরিচালক, শুদ্ধ গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১৬০/এ, আইপিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা [ তাকে বিষয়টি কম্পিউটারে তথ্য ধারণ করার জন্য অনুরোধ করা হলো ]।
- ১১-১৫। উপ/সহকারী কমিশনার, ডিইপিজেড (পূর্ব/পশ্চিম), সাভার, ঢাকা/আদমজী, ইপিজেড নারায়ণগঞ্জ/সিইপিজেড, চট্টগ্রাম/ কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ।
- ১৬। ব্যবস্থাপক, মার্কেটাইল ব্যাংক লিঃ, ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট শাখা, রমনা, ঢাকা।
- ১৭। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

[ কাজী রায়হানুজ্জামান ]  
সহকারী কমিশনার

কমিশনারের পক্ষে।